

## অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে ‘অন অ্যারাইভাল ভিসায়’ শর্ত - পররাষ্ট্র উপদেষ্টা

- A Monitor Desk Report

Date: 15 January, 2026



ঢাকাঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে ‘অন অ্যারাইভাল ভিসায়’ শর্ত জুড়ে দেয়া হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

বুধবার (১৪ জানুয়ারি) বিকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা জানান।

পররাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘এমন একটি নির্দেশনা আমাদের দেয়া হয়েছে। আপনারা জানেন, নির্বাচনের সময় অনাকাঙ্ক্ষিত পরিবেশ সৃষ্টির চেষ্টা হতে পারে। অনেকেই যারা কাম্য না, তারা এসে হাজির হয়ে যেতে পারে। এজন্যই এ ব্যবস্থা নেয়া হয়েছে। তবে আমরা ভিসা বন্ধ করছি না। ভিসা নিয়ে আসুক, যাদের পারপাস ঠিক থাকবে, তাদের আমরা আসতে দেব।’

বাহরাইনে একটি বাসায় পোস্টাল ব্যালট গণনার ভাইরাল ভিডিওর বিষয়েও কথা বলেন তৌহিদ হোসেন। তিনি বলেন, ‘পোস্টাল ব্যালটের বিষয়টি আমি দেখেছি। এ বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে বলে আমি জানি।’

গাজায় আন্তর্জাতিক স্থিতিশীলতা রক্ষা বাহিনীতে বাংলাদেশের সেনা পাঠানোর সম্ভাবনা নিয়ে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘গাজায় ফোর্স পাঠানোর সিদ্ধান্ত এখনো হয়নি। মাত্র আলাপ-আলোচনা চলছে। কারণ এখনো কোনো কিছু ঠিক হয়নি। কারা থাকবে, কারা থাকবে না। যে তিনটি শর্তের কথা বলা হয়েছে, কোনো অবস্থায়ই এ পরিবেশ সৃষ্টি না হলে আমরা যাব না।’

তিনি বলেন, ‘প্রথমত, আমরা যুদ্ধ করতে যাব না; দ্বিতীয়ত, এমন কোনো কর্তৃপক্ষ থাকবে, যাদের সঙ্গে আমাদের যোগাযোগ করা বা কথাবার্তা বলাই সম্ভব না, সেক্ষেত্রে আমরা যাব না। আমাদের শর্তগুলো পরিষ্কার। এরপর আমরা চিন্তাভাবনা করব।’

মিয়ানমার সীমান্তে সংঘাতের বিষয়ে তৌহিদ হোসেন বলেন, ‘এখানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাজ হচ্ছে, তাদের রাষ্ট্রদূতকে ডেকে আপত্তি জানানো। বাকিটা গ্রাউন্ডে যারা আছেন, তারা এক্সট্রালী কী করছেন, ঘণ্টায় ঘণ্টায় বা একদিনের মধ্যে তথ্য আমার কাছে নেই।’

